

Aajkaal: 16.03.2024: Kolkata, Siliguri

আজ নারায়ণগড়ে অভিষেকের সভা

বুদ্ধদেব দাস

মেদিনীপুর, ১৫ মার্চ

শনিবার নারায়ণগড়ের বেলদা স্টেডিয়ামে সভা করতে আসছেন তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক সাংসদ অভিষেক ব্যানার্জি লোকসভা নির্বাচনের আগে তিনি বিজেপি বিরোধী প্রচারের দিক্‌নির্দেশ করবেন এদিনের সভা থেকে। সভার স্লোগান ‘জনতার গর্জন, বিজেপির বিসর্জন’ মেদিনীপুর ও ঘাটাল লোকসভা কেন্দ্রের তৃণমূলের দুই প্রার্থী যথাক্রমে জুন মালিয়া ও দীপক অধিকারী (দেব) উপস্থিত থাকবেন থাকবেন দলের পশ্চিম মেদিনীপুর জেলার বিধায়ক, জেলা সভাপতি, ব্লক সভাপতিরা মেদিনীপুর সংগঠনিক জেলার সভাপতি সুজয় হাজরা জানান, লক্ষাধিক মানুষের সমাগম হবে এদিনের সভায়।

মুখ্যমন্ত্রী স্থিতিশীল

● **১ পাতার পর**

বৃহস্পতিবার তিনি বুলেটিনে বলেন, পেছন থেকে ধাক্কা মারার ফলে মুখ্যমন্ত্রী পড়ে যান। শুক্রবার সকালে বুলেটিনে বলেন, আমার বক্তব্য ঠিকমতো দেওয়া হয়নি। আমি বলেছিলাম, মুখ্যমন্ত্রী মাথা ঘুরে পড়ে যান। তাঁর অনুভূতি হয়েছিল কেউ একজন তাঁকে ধাক্কা মেরেছে। যা–ই হোক, বিষয়টি এখানেই শেষ হয়। শুক্রবার চিকিৎসকেরা সকালে গিয়ে মুখ্যমন্ত্রীকে দেখার পর ওষুধপত্র দিয়ে আসেন। তাঁকে সম্পূর্ণ বিশ্রাম নিতে বলা হয়েছে। কপালের সেলাই কাটা হবে দিন ছয়েক পর। মুখ্যমন্ত্রী আহত হয়েছেন, এই ঘটনা নিমেষে সর্বত্র ছড়িয়ে পড়ে। বহু মানুষ তাঁর আরোগ্য কামনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে শুরু করে দেশের বিভিন্ন নেতা–নেত্রী এক্স হ্যান্ডলে তাঁকে শুভেচ্ছা জানান। অনেকেই লেখেন, গেট ওয়েল সুন। মমতা শুক্রবার সকলকে এক্স হ্যান্ডলে ধন্যবাদ জানিয়েছেন লিখেছেন, ‘আপনাদের শুভেচ্ছায় আমি দ্রুত ভাল হয়ে উঠব।’ এদিন সকাল থেকে বিভিন্ন জেলায় মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করে যজ্ঞ হয়। মন্দিরে পুজো দেন নেতা ও কর্মীরা। এদিকে, এদিন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মমতা সম্পর্কে যে মন্তব্য করেছেন, তাতে তীব্র ধিক্কার জানিয়েছেন শশী পাঁজা, কুণাল ঘোষ, স্নেহাশিস চক্রবর্তী। শশী পাঁজা বলেন, ‘মুখ্যমন্ত্রীর শারীরিক অবস্থা নিয়ে কুরুচিকর মন্তব্য করেছেন শুভেন্দু। এত ঔদ্ধত্য হয় কী করে? তিনি নিজেকে কী বলে পরিচয় দেন?’ কুণাল ঘোষ বলেন, ‘শুভেন্দু কুৎসিত ভাষায় আক্রমণ করেছেন মমতা ব্যানার্জিকে। আমরা এর তীব্র নিন্দা করি ’ পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেছেন, ‘মুখ্যমন্ত্রী এখন অসুস্থ অবস্থায় বাড়িতে বৃহস্পতিবারের দুর্ঘটনায় তিনি আহত হয়েছেন। তাঁকে নিয়ে কুরুচিকর মন্তব্য করেছেন শুভেন্দু অধিকারী। জনসমক্ষে তাঁর ক্ষমা চাওয়া উচিত।’

বিজেপিতে ফের অর্জুন সিং, আনুষ্ঠানিক যোগ দিব্যেন্দুর

আজকালের প্রতিবেদন

দিল্লি ও কলকাতা, ১৫ মার্চ

বিজেপিতে ফিরলেন অর্জুন সিং। এবং অবশেষে আনুষ্ঠানিক ভাবে বিজেপিতে যোগ দিলেন দিব্যেন্দু অধিকারী। আজ দিল্লিতে বিজেপির সদর দপ্তরে দলীয় সদস্যপদ গ্রহণ করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ভাই। তাঁর হাতে দলের সদস্য পদের রসিদ তুলে দেন বিজেপি নেতা দুষ্মন্ত গৌতম। তবে অর্জুন সিং বরাবর বিজেপিতেই ছিলেন সেই কারণে তাঁকে নতুন করে দলীয় সদস্যপদ নিতে হয়নি।

অর্জুনকে আনুষ্ঠানিকভাবে যোগদান করানো নিয়ে অস্বস্তি চোখে পড়ল বিজেপি নেতাদের মধ্যে পরিস্থিতি সামাল দিতে উপস্থিত বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য বলেন, ‘নির্দিষ্ট কিছু কারণে দলে বেশ কিছু সময় সক্রিয় ছিলেন না অর্জুন সিং। ফের সক্রিয় রাজনীতিতে ফিরছেন তিনি।’ অন্যদিকে, তৃণমূল সাংসদ দিব্যেন্দু অধিকারীর সাংসদ পদ খারিজ করার জন্য একাধিকবার লোকসভার স্পিকার ওম বিড়লাকে চিঠি লিখেছেন সুদীপ ব্যানার্জি। যদিও তার কোনও ফয়সালা হয়নি। এবার আনুষ্ঠানিক ভাবে বিজেপিতে যোগ দিলেন। এ ব্যাপারে রাজ্য তৃণমূলের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, ‘বিজেপির পরিবারতন্ত্র আবার প্রমাণিত হল।’ রাজ্যের মন্ত্রী, ব্যারাকপুরের তৃণমূল প্রার্থী পার্থ ভৌমিক বলেন, ‘ব্যক্তিস্বার্থ চরিতার্থ করতেই বিজেপিতে গেছেন অর্জুন ’

বর্ধমান পূর্ব লোকসভা কেন্দ্রের সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের প্রার্থী ডাঃ শর্মিলা সরকার, সব বিধায়ক ও জেলার সমস্ত শাখা সংগঠনের প্রধানদের নিয়ে প্রস্তুতি সভা করেন দলের সাধারণ সম্পাদক, মন্ত্রী অরূপ বিশ্বাস। শুক্রবার। ছবি: আজকাল

১৪৩ লোকাল ট্রেন বাতিল

আজকালের প্রতিবেদন

শনিবার মধ্যরাত থেকে শিয়ালদা ডিভিশনের অন্তত ১৪৩টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। পূর্ব রেল সূত্রের খবর, দমদম স্টেশনে নন–ইন্টারলকিংয়ের কাজের জন্য টানা ৫২ ঘণ্টা বিঘ্নিত হবে ট্রেন চলাচল। শিয়ালদা থেকে রানাঘাট, বনগাঁ, ডানকুনি প্রভৃতি রুটের যাত্রীদের ভোগান্তি বাড়বে। তবে রেলের দাবি, সাময়িক এই অসুবিধা হলেও ভবিষ্যতে উন্নততর পরিষেবা মিলবে। শনি ও রবিবার ছুটির দিন দেখেই রেল এই কাজে হাত দিয়েছে।

প্রকাশ উপাধ্যায় এলেন তৃণমূলে

আজকালের প্রতিবেদন

কলকাতা পুরসভার প্রাক্তন কংগ্রেস কাউন্সিলর প্রকাশ উপাধ্যায় তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন। দীর্ঘদিনের পুরনো কংগ্রেস কাউন্সিলরের হঠাৎ তৃণমূলে যোগদান প্রসঙ্গে প্রকাশ উপাধ্যায় বলেন, ‘আজ কংগ্রেসের মধ্যে সব এলোমেলো অবস্থা গোষ্ঠীদ্বন্দ্ব ঢুকে গেছে। সে জায়গায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নিজের কোষাগার থেকে ১০০ দিনের প্রকল্পে শ্রমিকদের টাকা দিচ্ছেন সেটা ভোলার নয়। তাঁর এই কাজ আমার ভাল লেগেছে। তাই আমার তৃণমূলে যোগ দেওয়ার সিদ্ধান্ত। ২৯ নম্বর ওয়ার্ড কমিউনিটি হলের উদ্বোধনে সাংসদ সুদীপ ব্যানার্জি এসেছিলেন সেই সময়ে তিনি আমার হাতে দলীয় পতাকা তুলে দেন ’প্রসঙ্গত, গত পুরসভা নির্বাচনে ২৯ নম্বর ওয়ার্ড থেকে দাঁড়িয়েছিলেন প্রকাশ উপাধ্যায়। কিন্তু তৃণমূল কংগ্রেসের ইকবাল আহমেদের কাছে পরাজিত হন। তবে, সংখ্যালঘু হলেও কলকাতা পুরসভায় বিরোধী সমালোচক কাউন্সিলরদের মধ্যে প্রকাশ উপাধ্যায় ছিলেন অন্যতম।

ছুটির দরখাস্ত অনলাইনে এবার থেকে বাধ্যতামূলক

রিনা ভট্টাচার্য

এবার আরও ছুটির জন্য হাতে লিখে দরখাস্ত দেওয়া যাবে না রাজ্য সরকার ও সরকার পোষিত সমস্ত সংস্থার কর্মীদের অনলাইনে ছুটির আবেদন করতে হবে শুক্রবার ১৫ মার্চ থেকে এই নিয়ম শুধুমাত্র অর্থ দপ্তরের জন্য বাধ্যতামূলক করা হল। অর্থ দপ্তর থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানিয়ে দেওয়া হল, ক্যাজুয়াল লিভ (সিএল) হোক বা কম্পেনসেটরি ক্যাজুয়াল লিভ (সিসিএল)– সব ক্ষেত্রেই ছুটির দরখাস্ত করতে হবে ‘হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম’ (এইচআরএমএস)–এর মাধ্যমে। ১ এপ্রিল থেকে সন্তান পালন, মাতৃত্বকালীন–সহ দীর্ঘ সময়ের জন্য ছুটি নিতে গেলে এই ভাবেই আবেদন করতে হবে। কোনও কর্মী ছুটি নিলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ যাতে সেই বিষয়ে ওয়াকিবহাল থাকেন এবং কোনও রকম বিভ্রান্তি তৈরি না হয়, তাই এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন অর্থ দপ্তরের এক আধিকারিক তিনি জানান, অর্থ দপ্তরের এই নিয়ম চালু হওয়ার পর যদি জটিলতা তৈরি হয়, তাহলে তা দ্রুত সমাধান করা হবে। অদূর ভবিষ্যতে এই ব্যবস্থা অন্যান্য দপ্তরের ক্ষেত্রেও চালু হবে। আপাতত, এই নিয়ম চতুর্থ শ্রেণির কর্মী থেকে উপসচিব পর্যন্ত চালু করা হচ্ছে। এই স্তরের কর্মী–আধিকারিকরা এতদিন হাতে লিখেই আবেদন করতেন যদি কেউ অনলাইনে আবেদন করতে না পারেন, তাহলে তাঁর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তাঁকে সহযোগিতা করবেন বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

একদিনে ভোট চায় তৃণমূল

● **১ পাতার পর**

কুণাল বলেন, এখনও আমাদের প্রাপ্য টাকা দেওয়া হল না। বহুবার মুখ্যমন্ত্রী এ ব্যাপারে দিল্লির কাছে চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, অথচ টাকা এখনও আসেনি। ১০০ দিনের কাজের টাকা শেষ পর্যন্ত সরকারের টাকা থেকে শ্রমিকদের পারিশ্রমিক দেওয়া হচ্ছে। আবাস যোজনার টাকা যদি না আসে, তাহলে রাজ্য সরকারের পক্ষ থেকে এই টাকা বাড়ি করে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন

কাল বন্ধ ধনধান্য সেতু

আজকালের প্রতিবেদন

সেতুর স্বাস্থ্য পরীক্ষা করার জন্য আগামী রবিবার রাত ১২টা থেকে পরদিন সকাল ৭টা পর্যন্ত ধনধান্য সেতুতে যান চলাচল বন্ধ থাকবে। দক্ষিণদিক গামী সমস্ত যানবাহন, যেগুলি ডিএল খান রোডের দিকে যাবে, সেগুলি পশ্চিমদিক গামী রাস্তা দিয়ে ঘুরে যাবে। উত্তরদিক গামী কোনও যানবাহন থ্যাকারে রোড, রিফর্মেটরি রোড এবং ডিএল খান রোড ক্রসিং দিয়ে যাবে না সেই গাড়িগুলি উত্তরদিকে ডায়মন্ড হারবার রোড, জাজেস কোর্ট রোড ক্রসিং এবং স্ট্রান্ডেল রোড হয়ে যাবে। জাজেস কোর্ট দিয়ে কোনও গাড়ি ধনধান্য সেতুর দিকে যেতে পারবে না

ফর্ম ‘বি’

প্রকাশ্য ঘোষণা

[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অফ ইন্ডিয়া (লিকুইডেশন প্রোসেস) রেগুলেশনস, ২০১৬–এর রেগুলেশন ১২ অধীনে]

গণপতি হাইটেক কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড এর অংশীদারদের অবগতির জন্য

ক্রম নং	বিবরণ	বিশদ
১	কর্পোরেট ঋণগ্রহীতার নাম	**গণপতি হাইটেক কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড**
২	কর্পোরেট ঋণগ্রহীতার প্রতিষ্ঠার তারিখ	১২.১০.২০০৭
৩	যে কর্তৃপক্ষের অধীনে এই কর্পোরেট ঋণগ্রহীতা প্রতিষ্ঠিত/ নিবন্ধীকৃত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ, কলকাতা
৪	কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট আইডেন্টিটি নম্বর	U29248WB2007PTC[illegible]532
৫	কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিসের ঠিকানা	পি–৭০, সিআইটি, স্কিম VIM, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০০৫৪
৬	ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেস বন্ধের তারিখ	১১.০৩.২০২৪
৭	কর্পোরেট ঋণগ্রহীতার লিকুইডেশন শুরুর তারিখ	১২.০৩.২০২৪ (আদেশ প্রাপ্ত ১৪.০৩.২০২৪–এ)
৮	লিকুইডেটর হিসেবে ক্রিয়ারত ইনসলভেন্সি প্রোফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	**নাম:** মিঃ বিশ্বনাথ চৌধুরী, রেজিস্ট্রেশন নম্বর- IBBI/ IPA-002/ IP-N00597/ 2018-19/12042
৯	বোর্ডের কাছে নিবন্ধন অনুযায়ী লিকুইডেটরের ঠিকানা এবং ই-মেল আইডি রেজিস্টার্ড অফিস	**ঠিকানা:** ফ্ল্যাট নং ৮এফ, ব্লক ৭, প্রসাদ এক্সোটিকা, ৭১/৩, ক্যানেল সার্কুলার রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৫৪। **আইবিবিআই–তে রেজিস্টার্ড ই-মেল আইডি:** choudhary_bishwanath@ rediffmail.com
১০	লিকুইডেটরের সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহার্য ঠিকানা এবং ই-মেল আইডি	৮বি, মিডলটন স্ট্রিট, ২বি গীতাঞ্জলি অ্যাপার্টমেন্টস, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত –৭০০০৭১। যোগাযোগের ই-মেল আইডি: ip.ganapatihightech@gmail.com
১১	দাবি পেশের শেষ তারিখ	১৩.০৪.২০২৪

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, মহামান্য ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনালের কলকাতা বেঞ্চ (কোর্ট–২) **১২ মার্চ, ২০২৪** (আদেশ প্রাপ্ত ১৪.০৩.২০২৪–এ) তারিখে **গণপতি হাইটেক কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড**–এর লিকুইডেশন শুরুর আদেশ জারি করেছেন

গণপতি হাইটেক কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড–এর স্বার্থধারকদের প্রতি আহ্বান জানানো হচ্ছে যাতে তাঁরা ওপরে দফা নং ১০–তে উল্লেখ করা ঠিকানায় লিকুইডেটরের কাছে ১৩.০৪.২০২৪ তারিখের মধ্যে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ পেশ করেন

আর্থিক ঋণদাতারা কেবলমাত্র ইলেকট্রনিক উপায়ে তাঁদের দাবির অনুকূলে প্রমাণ দাখিল করবেন। বাকি সকল ঋণদাতা তাঁদের দাবির অনুকূলে প্রমাণ নিজেরা এসে, ডাক মাধ্যমে বা ইলেকট্রনিক উপায়ে দাখিল করতে পারবেন

দাবির অনুকূলে মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ দাখিল করলে জরিমানা হতে পারে।

করপোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেসঋণদাতারা তাঁদের দাবির অনুকূলে প্রমাণ দাখিল না করলে ইনসলভেন্সি রিজোলিউশন প্রোসেস ফর করপোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬–এর ৩৮ ধারার অধীনে তা জমা রতে হবে

স্বাঃ–

বিশ্বনাথ চৌধুরী

রেজিস্ট্রেশন নম্বর- IBBI/IPA-002/ IP-N00597/ 2018-19/12042

এএফএ বৈধ ০২.১০.২০২৪ পর্যন্ত

লিকুইডেটর, মেঃ গণপতি হাইটেক কমিউনিকেশন প্রাইভেট লিমিটেড

স্থান: কলকাতা

তারিখ: ১৬.০৩.২০২৪

যূকো বৈঁক UCO BANK

সল্ট লেক জোনাল অফিস
৩ ও ৪, ডিডি ব্লক, সল্টলেক, সেক্টর–১, দ্বিতীয় তল, কলকাতা–৭০০০৬৪

পরিশিষ্ট–IV [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, ইউকো ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর {রুল নং ৩}– সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট {অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)}–এর ১৩(১২) ধারা অনুযায়ী তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতার প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক চুক্তিমাফিক হারে সুদ, আনুষঙ্গিক খরচ, মাসুল ও চার্জ ইত্যাদি সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারা অনুযায়ী তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নীচে ঋণগ্রহীতার নামের পাশে লেখা তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন

বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক এবং চুক্তিমাফিক হারে উদ্ভূত ও অনাদায়ী সুদ, আনুষঙ্গিক খরচাপাতি, মাসুল ও চার্জ ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক–এর দায় সাপেক্ষ হবে

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতা/ জামিনদারের নাম/ ঋণ মঞ্জুরকারী ব্রাঞ্চের নাম	স্থাবর/অস্থাবর সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) বকেয়া অর্থাঙ্ক
১.	**মেসার্স জয় হনুমান টেক্সটাইল স্বত্বা: রবীন্দ্রনাথ সাউ (ঋণগ্রহীতা),** ২১/১/৪, পশ্চিম ঘোষপাড়া রোড, আটপুর, ২৪ পরগনা (উত্তর) পিন ৭৪৩১২৮ **কাশী চন্দ্র সাউ (জামিনদার)** বিএল নং ৩, হোল্ডিং নং ৭/২, ৭/৫ জগদ্দল থানার নিকটে পোঃ+থানা জগদ্দল, জেলা ২৪ পরগনা (উত্তর), পিন ৭৪১২৩৫ **ব্রাঞ্চ:** আটপুর ইমেল: atpur@ucobank.co.in যোগাযোগের ব্যক্তি: নাম: রূপক সাউ মোবাইল নং ৯৫৯৩৫০১৪০৬	১) জমি ও বিল্ডিং–এর সমবন্ধক (জেএল নং ১৬, আরএস খতিয়ান নং ২৪৬, দাগ নং ৬৫/৭২৯, ওয়ার্ড নং ২১) নামাঙ্কিত রবীন্দ্রনাথ সাউ, হোল্ডিং নং ২১/১/৪ পশ্চিম ঘোষপাড়া রোড, পোঃ আটপুর, জেলা উত্তর ২৪ পরগনা যার বিক্রয় দলিল নং আই ৬১৭০/২০২৩, এডিএসআর নৈহাটি। জমির চৌহদ্দি এইরূপে: উত্তরে প্রযোজ্য নয় (সার্চ রিপোর্ট অনুযায়ী) পূর্বে প্রযোজ্য নয়, দক্ষিণে প্রযোজ্য নয়, পশ্চিমে প্রযোজ্য নয় ২) প্রায় ২ কাঠা ২ ছটাক ১৯ বর্গফুট বাস্তু জমি সহ একতলা বাসযোগ্য বিল্ডিং অবস্থিত বিএল নং ৩, হোল্ডিং নং ৭/২, ৭/৩ জগদ্দল থানা নিকটে, পিন ৭৪৩১২৫, পোঃ+থানা জগদ্দল নামাঙ্কিত শ্রী কাশী চন্দ্র সাউ (জামিনদার) যার দানপত্র দলিল নং আই ৫১৫৪ সাল ২০০৫ এবং দানপত্র দলিল নং আই ৪৩৪২ সাল ২০০৬, ওয়ার্ড নং ১৬, মৌজা জগদ্দল জেএল নং ১৩, আরএস খতিয়ান নং ৬৭০, এলআর ৬৬১, ১৪২ আরএস দাগ নং ১১৪, এলআর দাগ নং ১২০, অধীনস্থ ডিএসআরও নৈহাটি। জমির চৌহদ্দি এইরূপে: দলিল নং আই ৫১৫৪ এর ক্ষেত্রে: উত্তরে: বাজিনাথ সাউ এর বাড়ি, পূর্বে সজয় কুমার সাউ এর বাড়ি, দক্ষিণে এহান মিঞার বাড়ি, পশ্চিমে বিএল নং ৩, পৌরসভার রাস্তা। জমির চৌহদ্দি এইরূপে: দলিল নং আই ৪৩৪২ এর ক্ষেত্রে উত্তরে মালিকের দানের সম্পত্তি পূর্বে দ্বারিকা দাস এর সম্পত্তি দক্ষিণে মালিকের দানের সম্পত্তি পশ্চিমে বিএল নং ৩, পৌরসভার রাস্তা	ক) ০৮–০১–২০২৪, খ) ১১–০৩–২০০৪, গ) ₹ ১৮,১৮,৮১২.৪৮ (আঠারো লক্ষ আঠারো হাজার আটশো বারো টাকা ও আটচল্লিশ পয়সা মাত্র) ৩০–১১–২০২৩ অনুযায়ী এবং আরও সুদ, আনুষঙ্গিক খরচ, খরচ ইত্যাদি
২.	**মেসার্স অনীশ উদ্যোগ স্বত্বা: শ্রী নিদান ঘোষ,** ঠিকানা: ১২/৭ বৃন্দাবন মল্লিক লেন, কদমতলা, হাওড়া, পিন ৭১১১০১। **ব্রাঞ্চ:** সল্টলেক সেক্টর ১ ব্রাঞ্চ, সল্টলেক ৭০০০৬৪, ই মেল: saltla@ucobank.co.in যোগাযোগের ব্যক্তির নাম: পূরবী দাস মেহেরা মোবাইল নং ৯৯১১৭৭৭০০৩	অস্থাবর প্ল্যান্ট ও মেশিনারি, মজুত, বহিধার এবং অন্যান্য সকল চলতি সম্পদের দায়বন্ধন দ্বিতল বাসযোগ্য বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে ফ্ল্যাট যার পৌরসভা হোল্ডিং ১২/৭ বৃন্দাবন মল্লিক লেন, ওয়ার্ড নং ২৩, হাওড়া ৭১১১০১, থানা ব্যাঁটরা চৌহদ্দি এইরূপে: দক্ষিণে ১২/৩/১ বৃন্দাবন মল্লিক লেন, পূর্বে ৬ ফুট চওড়া পরিসর এবং ১২/৪/১ বৃন্দাবন মল্লিক লেন, পশ্চিমে ১১/১/১ বৃন্দাবন মল্লিক লেন	ক) ১৬–০৯–২০২৩, খ) ১২–০৩–২০২৪, গ) ₹ ৩৮,০৮,৩৮৮.৫৭ (আটত্রিশ লক্ষ আট হাজার তিনশো অষ্টআশি টাকা ও সাতান্ন পয়সা মাত্র) ২২/০৮/২০২৩ অনুযায়ী সহ ০১/০১/২০০২ থেকে অধার্যকৃত সুদ এবং তদুপরি আরও সুদ, আনুষঙ্গিক খরচ, খরচ ও মাশুল ইত্যাদি

তারিখ: ১১.০৩.২০২৪ এবং ১২.০৩.২০২৪
স্থান: জগদীশপুর, হাওড়া; হাওড়া

অনুমোদিত আধিকারিক
ইউকো ব্যাঙ্ক

ফর্ম নং: আইএনসি ২৬

[কোম্পনিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ অনুযায়ী]

রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা সমীপে

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ১৩ নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়

এবং

বিষয়: মেসার্স রিয়েল কমোসেল প্রাইভেট লিমিটেড, যার রেজিস্টার্ড অফিস ২৮, তপসিয়া রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৩৯

....পিটিশনার

এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, ১৫ মার্চ ২০২৪ তারিখে আয়োজিত উক্ত কোম্পানির বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট ২০১৩–এর ১৩ ধারাধীনে **‘পশ্চিমবঙ্গ রাজ্য’** থেকে **‘উত্তরপ্রদেশ রাজ্য’**–তে এই কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশে কোম্পানির সঙ্ঘস্মারক পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।

এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/তাঁরা এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)–এ ইনভেস্টর কমপ্লেইন্ট ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দো দিনের মধ্যে **রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিওন, ঠিকানা: নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/৪, এ জে সি বোস রোড, কলকাতা–৭০০০২০** সমীপে তাঁর (পুং/স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির নিম্নোক্ত রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে:

রেজিস্টার্ড অফিস:

২৮, তপসিয়া রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৩৯

মেসার্স রিয়েল কমোসেল প্রাইভেট লিমিটেড–এর জন্য ও তরফে

(সায়ন বাজাজ)
ডিরেক্টর

তারিখ: ১৬ মার্চ ২০২৪   DIN No: 03600575

ADITYA BIRLA CAPITAL

আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬ ব্রাঞ্চ অফিস: ২য় ফ্লোর, বাঙ্গুর বিএফএল এস্টেট, ৩১ চৌরঙ্গি রোড, কলকাতা–৭০০০১৬

পরিশিষ্ট IV [সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(১) দ্রষ্টব্য]

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **ঋণগ্রহীতাগণ এপি ফ্যাশনস প্রাঃ লিঃ, অমিত ঝুনঝুনওয়ালা, অশোক কুমার ঝুনঝুনওয়ালা, বীণা ঝুনঝুনওয়ালা, আরবাটাস মার্কেটিং প্রাঃ লিঃ–এর প্রতি ২৫.০৯.২০২৩ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক অর্থাৎ, **₹২,৮১,৪৩,৩২৫.৭১/– (দুই কোটি একাশি লক্ষ তেতাল্লিশ হাজার তিনশো পঁচিশ টাকা এবং একাত্তর পয়সা মাত্র)** আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতাগণ ওই বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **১৩ মার্চ, ২০২৪** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন

বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন **₹২,৮১,৪৩,৩২৫.৭১/– (দুই কোটি একাশি লক্ষ তেতাল্লিশ হাজার তিনশো পঁচিশ টাকা এবং একাত্তর পয়সা মাত্র)** এবং এর ওপর সুদ সমেত **আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড** এর দায় সাপেক্ষ হবে। উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

দফা ১: ইউনিটের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ প্রায় ১০০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) আনন্দলোক নামে বিল্ডিংয়ের চতুর্থ তলে (উত্তর–পশ্চিম দিকে), প্রায় ২ বিঘা, ২ কাঠা, ৭ ছটাক এবং ৭ বর্গফুট জমির প্লটের উপর নির্মিত, মৌজা চক্রবেড়িয়া, থানা বালিগঞ্জ, বর্তমানে জানা এবং চিহ্নিত মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ২২৭, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড (পূর্বতন ২২৭, লোয়ার সার্কুলার রোড), কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৬৯, কলকাতা–৭০০০২০।

দফা ২: ইউনিটের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মাপ প্রায় ৬৭২ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) আনন্দলোক নামে বিল্ডিংয়ের চতুর্থ তলে (উত্তর–পশ্চিম দিকে), প্রায় ২ বিঘা, ২ কাঠা, ৭ ছটাক এবং ৭ বর্গফুট জমির প্লটের উপর নির্মিত, মৌজা চক্রবেড়িয়া, থানা বালিগঞ্জ, বর্তমানে জানা এবং চিহ্নিত মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ২২৭, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড (পূর্বতন ২২৭, লোয়ার সার্কুলার রোড), কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ৬৯, কলকাতা–৭০০০২০।

উভয়ের চৌহদ্দি: পূর্বে–২২৬/২ আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, **পশ্চিমে**–২২৭/১ আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, **উত্তরে**–আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, **দক্ষিণে**–২/২ শরৎ বোস রোড এবং ২২৭/১ আচার্য জগদীশ চন্দ্র বোস রোড

তারিখ: ১৩.০৩.২০২৪
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

আধার হাউজিং ফিনান্স লিমিটেড

Aadhar Housing Finance Ltd

কর্পোরেট অফিস: ৮০২, নটরাজ বাই রুস্তমজি, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, স্যার এম ভি রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই– ৪০০০৬৯, মহারাষ্ট্র

বর্ধমান ব্রাঞ্চ অফিস: দ্বিতীয় তল, গোপাল ভবন, হোল্ডিং নং ৩৯, মৌজা– ইচলাবাদ, ওয়ার্ড নং ১০, বর্ধমান–৭১৩১০৩, পশ্চিমবঙ্গ

আসানসোল ব্রাঞ্চ অফিস: ইউনিট নং–২০৩, তৃতীয় তল, চ্যাটার্জি প্লাজা, জি টি রোড, রামবন্ধুতলা, ওয়ার্ড নং ৪৩, আসানসোল, পশ্চিমবঙ্গ–৭১৩৩০৩

দখল বিজ্ঞপ্তি পরিশিষ্ট–IV (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল) এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর ১৩(১২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এর প্রতি এই কোম্পানির অনুমোদিত আধিকারিক হিসেবে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা ওই পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। এতদ্দ্বারা উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য মেয়াদের মধ্যে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন নীচে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত এএইচএফএল এর দায় সাপেক্ষ হবে

ক্রম নং	ব্রাঞ্চের নাম / ঋণগ্রহীতা(গণ)/সহ–ঋণগ্রহীতা(গণ) এর নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি)	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক	দখলের তারিখ
১.	(লোন কোড ০৬৪০০০০১০৬১ **বর্ধমান** ব্রাঞ্চ), মিলন চক্রবর্তী (**ঋণগ্রহীতা**), সোমা চক্রবর্তী (**সহ–ঋণগ্রহীতা ১**), নিমাই চন্দ্র সর (**জামিনদার ১**)	জমির সকল অপরিহার্য অংশ যার জে এল নং ১১৭, এল আর খতিয়ান নং ৮৫৮, আর এস ও এল আর প্লট নং ৩৫৪৪, পরিমাপ ৩ শতক, বিভাজন– বাস্তু, মৌজা– নিগান, থানা– মঙ্গলকোট, জেলা– বর্ধমান চৌহদ্দি এইরূপে– পূর্বে: গলির রাস্তা, পশ্চিমে: শ্যামল রায় ও অন্যদের সম্পত্তি, উত্তরে: গ্রামের কাঁচা রাস্তা, দক্ষিণে: প্রয়াত অমরেন্দ্র চক্রবর্তীর সম্পত্তি।	১৫–জুলাই–২৩ ₹ ১১৮৩৭৯০	১৪–মার্চ–২৪
২.	(লোন কোড ০৬৪০০০০৭৪৫ **বর্ধমান** ব্রাঞ্চ), শেখ আসফার আলি (**ঋণগ্রহীতা**), আমির হোসেন শেখ (**সহ–ঋণগ্রহীতা ১**), আলি হোসেন শেখ (**জামিনদার ১**)	প্রায় ৪ শতক জমির সকল অপরিহার্য অংশ যার জে এল নং ৫, এল আর খতিয়ান নং ১৩৩৭, আর এস ও এল আর প্লট নং ১৯৩৮, বিভাজন– ভিটি, পরিমাপ ১ শতক এবং আর এস ও এল আর প্লট নং ১৯৩৯, পরিমাপ ৩ শতক, মোট পরিমাপ ৪ শতক, মৌজা–বানগাছা, থানা–রায়না, জেলা– বর্ধমান	১৫–জুলাই–২৩ ₹ ১৫১৩৩৭৩	১৩–মার্চ–২৪
৩.	(লোন কোড ০১৮০০০০৮৬০ **আসানসোল** ব্রাঞ্চ), পঙ্কজ কুমার সিং (**ঋণগ্রহীতা**), রাজকিশোর সিং (**সহ–ঋণগ্রহীতা ১**), রিঙ্কি সিং (**সহ–ঋণগ্রহীতা ২**), সন্তোষ কুমার সাউ (**জামিনদার ১**)	কমবেশি ২ কাঠা ১ ছটাক জমির সকল অপরিহার্য অংশ–সহ কমবেশি ৮০ বর্গফুট মাপের কাঁচা নির্মাণ, অবস্থিত পরগনা–শেরগড়, তৌজি নং ১৯, জে এল নং ২০, ওয়ার্ড নং ২৬, আর এস প্লট নং ১৭৪৭১, আর এস খতিয়ান নং ৫৫৪২, থানা– আসানসোল, জেলা– বর্ধমান চৌহদ্দি এইরূপে– পূর্বে: ৩ ফুট চওড়া ব্যক্তিগত রাস্তা তদ্পর বিক্রেতার সম্পত্তি, পশ্চিমে: নর্দমা এবং তদ্পর সীতারাম কইরি–র সম্পত্তি, উত্তরে: বিক্রেতার সম্পত্তি, দক্ষিণে: নর্দমা তদ্পর বিক্রেতার ৩ ফুট ব্যক্তিগত পরিসর এবং তদ্পর পার্বতী দেবীর সম্পত্তি।	২৯–জুন–২৩ ₹ ৩৬,৭১,৭৩৪	১৩–মার্চ–২৪

স্থান: বর্ধমান, আসানসোল
তারিখ: ১৬.০৩.২০২৪

অনুমোদিত আধিকারিক,
আধার হাউসিং ফিনান্স লিমিটেড